ভোরের কাগজ

তারিখ 8 MAR 2013 পৃষ্ঠা ২ কলাম ৩

ফরিদপুরে শিক্ষা প্রতিমন্ত্রী

# এবার এসএসসি এইচএসসি পরীক্ষায় ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা আইন বাস্তবায়ন করা হবে

মোস্তাফিজুর রহমান বাবলু, ফরিদপুর থেকে : এবার আসন্ন এসএসসি, দাখিল ও এইচএসসি পরীক্ষা নকলমুক্ত করার সরকারি উদ্যোগে ফরিদপুরের প্রশাসনিক কর্মকর্তা এবং শিক্ষকরা সাড়া দিয়েছেন। যেকোনোভাবে শিক্ষকরা এবারের পরীক্ষা নকলমুক্ত পরিবেশে নেবেন বলেও আশাবাদ ব্যক্ত করেছেন।

গতকাল শুক্রবার ফরিদপুরে কবি জসীমউদ্‌দীন হলে আসন্ন এসএসসি পরীক্ষায় নকলমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে

এবার এসএসসি এইচএসসি
● শেষের পৃষ্ঠার-পর

আয়োজিত নকল বিরোধী সভায় বক্তারা এ অঙ্গীকার ব্যক্ত করেন। এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনামন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ. বিশেষ অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। ফরিদপুরের জেলা প্রশাসক আশরাফ আহমেদের সভাপতিত্বে অন্যানের মধ্যে বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ জুনাইদ, বিএনপি নেতা জহুরুল হক শাহজাদা মিয়া, রাজবাড়ী জেলার ডিসি বিজন কান্তি সরকার ও এসপি রুহুল আমীন, গোপালগঞ্জ জেলার ডিসি হেলাল উদ্দিন, শরীয়তপুরের এসপি মোজাম্মেল হোসেন পিপিএম, মাদারীপুর জেলার এডিসি (জেনারেল) আমিনুল হক প্রমুখ।

১৯৭২ সাল থেকে এদেশে নকলের পরীক্ষা শুরু হয়, এখনো অব্যাহত রয়েছে। ভবিষ্যতে ছাত্রছাত্রীরা পড়ালেখা করে যেন পরীক্ষা দিতে পারে—এ জন্য নকল প্রতিরোধে শিক্ষা মন্ত্রণালয় কর্মসূচি হাতে নিয়েছে। গত বছর এ কর্মসূচি শুরু হলেও কর্মসূচি থেমে নেই। নকল বন্ধে সোচ্চার হতে হবে। তা কেবল শিক্ষকরাই পারেন। শিক্ষকদের সচেতন হতে হবে।

শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেন, এবারে ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা আইন বাস্তবায়ন করা হবে। এই আইনে যতো বিধান রয়েছে তা পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কার্যকর অবশ্যই করতে হবে। অন্যথায় শিক্ষকসহ অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও নেওয়া হবে। এমনকি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল করা হবে।